

# নির্বাহী সারসংক্ষেপ

**এই প্রতিবেদনে আমরা নিউ ইয়র্ক সিটি COVID-19 কমিউনিটি হেলথ রিসোর্সেস অ্যান্ড নিডস অ্যাসেসমেন্ট (NYC COVID-19 CHRNA) থেকে পাওয়া ফলাফলগুলি উপস্থাপন করছি যা NYC এর এশিয়ান আমেরিকান কমিউনিটির (n=1,270) উপর COVID-19 মহামারীর প্রভাব মূল্যায়ন করেছে। আমরা গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলি মূল্যায়ন করার চেষ্টা করেছি যার মধ্যে রয়েছে: COVID-19 এর ভ্যাক্সিন, খাদ্যের অসুবিধা এবং এক্সেস টু ফুড/খাবার পাবার উপায়, ভাষাগত সুবিধা পাবার উপায়, অর্থনৈতিক প্রভাব, আবাসন, সাধারণ সুবিধা পাবার উপায়, স্বাস্থ্যসেবা এবং স্বাস্থ্যসেবা পাবার উপায়, এশীয়দের প্রতি ঘৃণা ও বৈষম্য এবং কিভাবে কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলি (সিবিও) সহায়তা প্রদান করতে পেরেছে।**

NYC COVID-19 CHRNA অন্যান্য NYC জনসংখ্যা-ভিত্তিক সার্ভে/সমীক্ষা এবং নিডস অ্যাসেসমেন্ট থেকে আলাদা কারণ এই সার্ভেতে  অংশগ্রহণকারীদের 54% লোক যেকোনো একটি এশিয়ান ভাষায় এটি সম্পন্ন করেছেন। এটি আলাদা এজন্যই যে COVID-19 মহামারী চলাকালীন অন্যান্য NYC-ভিত্তিক সমীক্ষাগুলো মূলত ইংরেজি, স্প্যানিশ এবং মাঝে মাঝে ম্যান্ডারিন ভাষায় পরিচালিত হয়েছে। শুধুমাত্র এই ভাষাগুলিতে সার্ভে/সমীক্ষা পরিচালনার অনিচ্ছাকৃত ফলাফল হল এসব সার্ভেতে নিউ ইয়র্কে বসবাসকারী উচ্চ শিক্ষা এবং উচ্চ আয়ের এশিয়ান অ্যামেরিকানদের অত্যধিক প্রতিনিধিত্ব; যাদের সাধারণত ভাল স্বাস্থ্য এবং আর্থ-সামাজিক অবস্থা রয়েছে। যখন নিউ ইয়র্ক সিটির এশিয়ান আমেরিকান কমিউনিটির ডাটা/তথ্য সংগ্রহ শুধুমাত্র ইংরেজিতে করা হয়, তখন তাদের বিভিন্ন সামাজিক চাহিদাগুলি দৃষ্টিগোচরে আসেনা।

COVID-19 মহামারী চলাকালীন NYC এশিয়ান আমেরিকানদের নিয়ে পরিচালিত এই সার্ভে থেকে গুরুত্বপূর্ণ ফলাফলগুলির মধ্যে রয়েছেঃ

- COVID-19 ভ্যাকসিনের গ্রহণযোগ্যতা বেশি, কিন্তু COVID-19 এর ভ্যাকসিন পাওয়া একটি চলমান প্রতিবন্ধক।
- মহামারীর সময় যাদের সহায়তার প্রয়োজন ছিল (77%), খাবার অ্যাক্সেস করা বা পাওয়া ছিল #1 চিহ্নিত উদ্বেগ (উত্তরদাতাদের 51%), তারপরে ছিল আবাসন (26%)।
- প্রায় প্রতি 4 জনের মধ্যে 1 জন (27%) জানিয়েছেন যে তাদের পছন্দের ভাষায় মহামারী চলাকালীন সময়মত, সঠিক তথ্যে তাদের পক্ষে নিয়মিত অ্যাক্সেস বা অধিগত করার সুবিধা ছিল না।
- অর্থনৈতিক প্রভাব তীব্র ছিল, প্রতি 3 জনের মধ্যে 1 জনেরও অধিক (39%) লোকের আয় হ্রাস পায় এবং তারা কাজে যাওয়ার বিষয়ে উদ্বিগ্ন ছিলেন (39%) এবং 3 জনের মধ্যে 1 জন কাজ/চাকরি (33%) হারানোর কথা বলেন।
- উত্তরদাতাদের অর্ধেক (49%) মহামারী চলাকালীন তাদের জীবনযাত্রার পরিস্থিতি নিয়ে সমস্যার সম্মুখীন য়েছিলেন। তাদের মধ্যে, অর্ধেকেরও বেশি (56%) পরের মাসে ভাড়া বা মর্টগেজ দেওয়ার বিষয়ে চিন্তিত বলে রিপোর্ট করেছেন, প্রায় 4 জনের মধ্যে 1 জন (23%) জানিয়েছেন যে তাদের ভাড়া বা মর্টগেজ দিতে দেরী হয়েছে, এবং 5 জনের মধ্যে 1 জন (19%) পারিবারিক কলহ বা সহিংসতার কথা বলেছেন।
- মোট 68% ফেডারেল বা স্টেইটের সুবিধা যেমন বেকারত্ব ভাতা, মেডিকেইড, বা COVID-19 জরুরী তহবিলের জন্য আবেদন করার রিপোর্ট করেছেন। 32% যারা সুবিধার জন্য আবেদন করেননি, তাদের মধ্যে 6% চিহ্নিত করেছেন যে আবেদন প্রক্রিয়াটি তাদের নিজের থেকে সম্পন্ন করা খুব কঠিন ছিল এবং 16% রিপোর্ট করেছেন যে এই সুবিধাগুলি আদৌ তাদের জন্য উন্মুক্ত কিনা তারা তা জানতেন না।

- অধিকাংশই (60%) রিপোর্ট করেছেন যে COVID-19 মহামারী কোন না কোনভাবে ভাবে তাদের সামগ্রিক স্বাস্থ্যসেবাকে প্রভাবিত করেছে; এই ব্যক্তিদের মধ্যে, অর্ধেকেরও বেশি (55%) জানিয়েছেন যে তারা অ্যাপয়েন্টমেন্টে যাননি কারণ তারা স্বাস্থ্য সেবা প্রদানকারীর অফিস থেকে COVID-19 এ আক্রান্ত হতে পারেন বলে উদ্বিগ্ন ছিলেন।
- 3 জনের মধ্যে 1 জনেরও বেশি রিপোর্ট করেছেন যে তাদের অন্তত একটি বাচ্চা/শিশু স্কুলে যাচ্ছে বা দূরবর্তী শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণ করছে (35%)। রিমোট লার্নিং এর সবচেয়ে বড় অসুবিধা ছিল বাড়িতে পরিবারের সদস্যদের থাকার কারণে বা অধ্যয়নের জন্য জায়গার অভাবে (58%) এবং উচ্চ-গতির ইন্টারনেট অ্যাক্সেস না থাকায় (28%) মনোনিবেশ/অধ্যয়ন করতে অক্ষমতা।
- প্রায় 3 জনের মধ্যে 1 (32%) বৈষম্যের সম্মুখীন হয়েছেনঃ যা একটি বিস্ময়কর পরিসংখ্যান। এমনকি আরও ব্যাপকভাবে এই কমিউনিটিগুলোতে সতর্কতা এবং ভয় বৃদ্ধি করা হয়েছিল: 78% রিপোর্ট করেছেন যে কোভিড-19 মহামারী সম্পর্কিত বর্ণবাদ বা বৈষম্যের কারণে তাদের নিরাপত্তার জন্য তারা ভীত ছিলেন, এমনকি 80% লোক কোভিড-৯৯ সম্পর্কিত সম্ভাব্য বর্ণবাদ বা বৈষম্যের কারণে কোন না কোনভাবে তাদের জীবনযাত্রা পরিবর্তন করেছেন। এই পরিবর্তিত কার্যক্রমের মধ্যে প্রায় 61% লোক একা বাইরে হাঁটা বা বাইরে শারীরিক ক্রিয়াকলাপ এড়িয়ে চলেন, 51% পাবলিক ট্রান্সপোর্টে যাওয়া এড়িয়ে যান এবং 37% কোনও পাবলিক জায়গায় যাওয়ার জন্য বাড়ি থেকে বের হওয়া এড়িয়ে যান। বেশিরভাগ (88%) বিশ্বাস করেছিলেন যে মার্কিন যুক্তরাষ্ট্র তাদের জাতি বা জাতিগত গোষ্ঠীর লোকেদের জন্য COVID-19 এর কারনে শারীরিকভাবে আরও বেশি বিপজ্জনক হয়ে উঠেছে।
- অংশগ্রহণকারীদের একটি বড় অংশ (74%) রিপোর্ট করেছেন যে কমিউনিটি ভিত্তিক সংস্থা (CBO) তাদেরকে বা তাদের পরিবারকে COVID-19 মহামারী চলাকালীন সময়ে সাহায্য করেছে। CBO থেকে যেসব সাহায্য পেয়েছেন, তার মধ্যে তথ্য ও সংস্থান (52%), খাবার বিতরণ (41%), এবং বেনিফিট এবং বিভিন্ন প্রোগ্রামের জন্য আবেদন করতে সহায়তা (26%) প্রদান অন্তর্ভুক্ত ছিল।

চলমান COVID-19 মহামারীতে যথাযত সাড়া এবং ত্রাণ প্রচেষ্টায় আমাদের এশিয়ান আমেরিকান কমিউনিটিগুলোকে শক্তিশালী করার জন্য এই বিষয়গুলির স্বীকৃতি এবং ন্যায়সঙ্গত সমর্থন এবং সংস্থান প্রয়োজন। নীচে আমরা NYC-তে নির্দিষ্ট কিছু এশিয়ান আমেরিকান কমিউনিটিতে সহায়তা প্রদানের প্রস্তাবিত সুযোগগুলি উপস্থাপন করছি।

আমাদের অংশীদার সংস্থাগুলি কমিউনিটির সদস্যদের মৌলিক চাহিদাগুলি দ্রুত মেটাতে বিভিন্ন উপায়/সংস্থান সরবরাহ করতে এগিয়ে এসেছে, যার মধ্যে রয়েছে সময়মত COVID-19 প্রতিরোধ এবং পছন্দের ভাষায় টিকা/ভ্যাকসিন সংক্রান্ত তথ্য, সামাজিক পরিষেবা এবং পাবলিক সুবিধাগুলি পেতে উপযুক্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করিয়ে দিতে ভাষা/দোভাষী পরিষেবা প্রদান, এবং খাদ্য নিরাপত্তা বৃদ্ধির জন্য খাদ্য সহায়তা প্রদান। কোভিড-৯৯ এর জরুরী সংকট মোকাবিলায় লোকাল, স্টেইট, এবং জাতীয় নেতাদের দ্বারা বহুলাংশে এসব সমস্যা বিবেচনায় আনা হয়নি।

**ব্যাখ্যার নোট/দ্রষ্টব্য:** আমরা একটি সামগ্রিক এশিয়ান আমেরিকান নমুনা (n=1,270) এবং সেইসব এশীয় জাতিগোষ্ঠীর সমীক্ষার ফলাফল রিপোর্ট করছি যাদের জন্য আমাদের পরিসংখ্যান গতভাবে যথেষ্ট বড় নমুনা (সেম্পল সাইয) ছিল। যেসকল এশীয় জাতি গোষ্ঠীগুলির বিষয়ে রিপোর্ট করার জন্য আমাদের কাছে যথেষ্ট তথ্য ছিল, তার মাঝে রয়েছেঃ চীনা (n=742), কোরিয়ান (n=105), জাপানি (n=188), বাংলাদেশি (n=74), নেপালি (n=98) এবং অন্যান্য এশিয়ান (n = 65)। অন্যান্য এশীয়দের মধ্যে অন্তর্ভুক্ত ছিলেন ভারতীয় এশিয়ান, কম্বোডিয়ান, ফিলিপিনো, ইন্দোনেশিয়ান, মালয়েশিয়ান, ওকিনাওয়ান, পাকিস্তানি, সিঙ্গাপুরিয়ান, শ্রীলঙ্কান, তাইওয়ানিজ, ভিয়েতনামী এবং অজানা দক্ষিণ এশিয়ান।




# সামগ্রিক সুপারিশসমূহ

NYC এ এশিয়ান আমেরিকান কমিউনিটির জন্য, আমাদের সামগ্রিক সুপারিশগুলি হল:

## অবিলম্বে

1. এশিয়ান আমেরিকান উপ-জনগোষ্ঠীর মধ্যে COVID-19 আউটরিচ/প্রচার, ভ্যাকসিন এবং বুস্টার শট অধিগতকরণ বা অ্যাক্সেসকে অগ্রাধিকার দেওয়া – বিশেষ করে যারা এই সমীক্ষার সময় কম ভ্যাকসিন গ্রহণ করেছেন (যেমনঃ বাংলাদেশী এবং নেপালি ব্যক্তিবর্গ)।
2. COVID-19 রিলিফ এন্ড রিকভারি ডলারের সাথে অন্যান্য পরিষেবা যুক্ত করা যাতে খাদ্য, বাসস্থান, এবং বেকারত্বের চাহিদা মেটানো সম্ভব হয়।
3. এশিয়ান আমেরিকানদের জন্য মানসিক স্বাস্থ্য পরিষেবা সমর্থন এবং প্রসারিত করার জন্য আরও তহবিল এবং সংস্থান সরবরাহ করা; এশিয়ান আমেরিকান বয়স্ক লোকদের জন্য এবং অন্যান্য উপ-জনগোষ্ঠী যারা মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলিকে কম ব্যবহার করেন, তাদের কাছে সেবা পৌঁছে দিতে সংস্কৃতি বা কালচারের সাথে সঙ্গতি রেখে উপযুক্ত মানসিক স্বাস্থ্য বিষয়ক প্রচারণা; এবং কালচারের সাথে সঙ্গতিপূর্ণ দক্ষ কাউন্সেলিং/পরামর্শ দিতে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান।
4. এশীয় বর্ণবাদ বিরোধী পাবলিক মেসেজিং প্রচারাভিযানকে সমর্থন করার জন্য, K-12 এবং বিশ্ববিদ্যালয়ে বর্ণবাদ বিরোধী শিক্ষা প্রচলন প্রচেষ্টা এবং প্রত্যক্ষদর্শীদের হস্তক্ষেপের ব্যাপারে প্রশিক্ষণের জন্য তহবিল এবং সংস্থান বৃদ্ধি করা।

## দীর্ঘমেয়াদী

5. কোভিড-19 এর টেস্ট/পরীক্ষা এবং ভ্যাকসিন সম্পর্কিত সহায়তা নিজস্ব ভাষায় প্রদান নিশ্চিত করতে কমিউনিটি-ভিত্তিক সংস্থা বা CBO গুলোর মধ্যে অবকাঠামো বজায় রাখতে তহবিল নির্ধারণ করা; পাবলিক সুবিধা কিভাবে পাওয়া যায় এবং তার অন্তর্ভুক্তি প্রসারিত করা; ঘৃণামূলক ঘটনায় যারা শিকার হন, তাদের জন্য কালচারের সাথে মিল রেখে উপযুক্ত আইনি এবং মানসিক স্বাস্থ্য সংস্থান প্রদান; এবং নিজস্ব ভাষায় সার্ভে ডাটা সংগ্রহে সহায়তা প্রদান। নির্দিষ্ট ভাষায় সহায়তার প্রয়োজন (যেমন, কোরিয়ান আমেরিকানদের জন্য লিখিত অনুবাদ) নীচে বর্ণনা করা হয়েছে।
6. এশিয়ান আমেরিকান কমিউনিটির কাছে আরও ভালভাবে পৌঁছানোর জন্য সিটি এবং স্টেইটের সংস্থাগুলির প্রাথমিক ডাটা সংগ্রহের প্রচেষ্টাকে উন্নত করা যাতে এশিয়ান আমেরিকান কমিউনিটির উপর ডাটা/তথ্য সংগ্রহ যেন কেবল একাডেমিক এবং তৃণমূল প্রচেষ্টার উপর অধিকভাবে নির্ভর করতে না হয়।
7. আলাদা এথনিক গ্রুপ বা জাতিগত গোষ্ঠী ভিত্তিক এবং পছন্দের ভাষায় এশিয়ান আমেরিকানদের উপর আলাদা করে ডাটা/তথ্য সগ্রহের প্রচেষ্টাকে সমর্থন করা।